# পদের বিশিষ্টার্থক প্রয়োগ ২৩

বাংলা ভাষায় কতগুলো শব্দ ভিন্ন ভিন্ন অর্থে ব্যবহৃত হয়। ক্রিয়া, বিশেষ্য ও বিশেষণ জাতীয় এই পদগুলো বিশিষ্ট অর্থে বাক্যে ব্যবহৃত হয়ে বিশেষ বিশেষ তাৎপর্যপূর্ণ অর্থ প্রকাশ করে থাকে। এগুলো একদিকে যেমন একই শব্দের ভিন্ন ভিন্ন অর্থ প্রকাশ করে, তেমনি অপরদিকে বাক্যের সৌন্দর্য সাধন করে থাকে।

আভিধানিক অর্থের বাইরে পদের এ ধরনের বিশিষ্টার্থক প্রয়োগ অর্থের ব্যঞ্জনা আনয়ন করে মূলের সঙ্গে ব্যবধানের সৃষ্টি করে। এতে অর্থের সংকোচন ও প্রসারণ ঘটে। এতে অর্থের উৎকর্ষ বা অপকর্ষ সাধিত হয়ে আবার ভিন্ন অর্থ প্রকাশ করে থাকে। এ রীতিকে ভাষার বাগ্‌ভঙ্গি বলে বিবেচনা করা চলে। এ প্রসঙ্গে লক্ষ্য করা যাবে যে, কোনও শব্দ বা পদ অন্য কোন শব্দ বা পদের সহযোগে, বাক্যে বিশেষ প্রসঙ্গে বিশেষ অর্থ প্রকাশ করে।

শব্দের আভিধানিক অর্থকে বাচ্যার্থ এবং আভিধানিক অর্থের বাইরে ব্যবহারিক ক্ষেত্রে অন্য অর্থ হলে তাকে লক্ষ্যার্থ বলে। আভিধানিক ও ব্যবহারিক অর্থের পার্থক্য অর্থাৎ বাচ্যার্থ ও লক্ষ্যার্থের পার্থক্য থাকায় শব্দ ব্যবহারে অনেক বৈচিত্র্য সাধিত হয়। একই শব্দ কত বিচিত্র উপায়ে ব্যবহার করে ভাষার সৌন্দর্য ও তাৎপর্য বাড়ানো যায় তার পরিচয় এতে সহজে পাওয়া যাবে। একই শব্দ বা পদের পৃথক ব্যবহারে অর্থের ভিন্নতা স্পষ্ট হয়ে ওঠে। যেমন ঃ 'কপাল' শব্দটিকে নানাভাবে ব্যবহার করা যায়।

কপালে থাকা = কপালে থাকায় প্রথম হয়েছি।
কপাল ফেরা = কপাল ফেরায় এখন রানীর সুখের শেষ নেই।
কপাল গুণে = কপাল গুণে রুমী রেহাই পেল।
ভাঙা কপাল = ভাঙা কপাল জোড়া লাগে না।
পোড়া কপালি = পোড়া কপালি বলেই পিয়ালীর এমন দুঃখের অবস্থা।
দুঃখের কপাল = দুঃখের কপাল ছিল বলেই নীলার এত সুখ সইল না।

এসব দৃষ্টান্ত থেকে লক্ষ্য করা যাবে যে 'কপাল' শব্দটি ভিন্ন ভিন্ন অর্থে ব্যবহৃত হয়ে অর্থে বৈচিত্র্য এনেছে। পরবর্তী পর্যায়ে কতকগুলো শব্দ বা পদের বিশিষ্টার্থক প্রয়োগ দেখান হল ঃ

## ১. মাথা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | মাথা ব্যথা | দুশ্চিন্তা | মাথা থাকলেই মাথা ব্যথা থাকে। |
| ২ | মাথা গরম | ক্রুদ্ধ বা উত্তেজিত | অনর্থক মাথা গরম করা অনুচিত। |
| ৩ | মাথা খাওয়া | স্বভাব নষ্ট করা | বেশি আদরে ছেলেটির মাথা খেয়েছে। |
| ৪ | মাথা তোলা | সোজা হওয়া | সমাজের বাধার মধ্যেও মেয়েদের মাথা তুলে দাঁড়াতে হবে। |
| ৫ | মাথা কাটা যাওয়া | লজ্জা পাওয়া | পরীক্ষা ভাল না করলে লজ্জায় মাথা কাটা যাবে। |
| ৬ | মাথা খারাপ | অস্থির বা বিভ্রান্ত হওয়া | টাকা টাকা করে মাথা খারাপ করে লাভ নেই। |
| ৭ | গাঁয়ের মাথা | প্রধান | চৌধুরী সাহেব গাঁয়ের মাথা, তাঁর কথা মানতেই হবে। |
| ৮ | রাগের মাথায় | রাগের বশে | রাগের মাথায় কি অনর্থই না ঘটে গেল। |
| ৯ | চোখের মাথা খাওয়া | দৃষ্টিহীন হওয়া | চোখের মাথা খেয়েছ বলে এত বড় অন্যায় চোখে পড়েনি। |
| ১০ | ঠাণ্ডা মাথায় | শান্ত হয়ে | ঠাণ্ডা মাথায় কাজ করতে হবে। |

## ২. চোখ

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | চোখে দেখা | দৃষ্টিতে | কি জানি কি ঘুম ঘোরে কি চোখে দেখেছি তারে। |
| ২ | চোখ টাটানো | ঈর্ষান্বিত হওয়া | পরের ভাল দেখে চোখ টাটানো উচিত নয়। |
| ৩ | চোখ টিপা | ইশারা দেওয়া | চোখ টিপে মনের ভাব প্রকাশ করা যায়। |
| ৪ | চোখ রাঙানো | ভয় দেখানো | চোখ রাঙানিতে এখন কেউ আর ভয় পায় না। |
| ৫ | চোখের পর্দা | লজ্জা | চোখের পর্দা না থাকলে অন্যায় করা যায়। |
| ৬ | চোখ ফোটা | জ্ঞান লাভ করা | ঝর্ণার এখনও চোখ ফুটেনি, বুঝবে কেমনে ? |
| ৭ | চোখে ধূলা | ফাঁকি | কাজ উদ্ধারের জন্য কারও চোখে ধূলা দেওয়া ঠিক নয়। |
| ৮ | চোখ রাখা | দৃষ্টি রাখে | নিজ নিজ মালের ওপর চোখ রাখুন। |
| ৯ | চোখ ওঠা | রোগ | চোখ ওঠায় লেখাপড়ার বাধা হয়েছে। |
| ১০ | চোখের বালি | শত্রু | আমি কারও চোখের বালি নই। |

## ৩. নাক

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | নাক কাটা | ক্ষতি স্বীকার | নিজের নাক কেটে অপরের যাত্রা ভঙ্গ করা ঠিক নয়। |
| ২ | নাক সিটকানো | অবজ্ঞা করা | সব ব্যাপারে নাক সিটকানো রানুর স্বভাব। |
| ৩ | নাকে তেল | নিরুদ্বেগ অবস্থা | ভাল পরীক্ষা দিয়ে উপল নাকে তেল দিয়ে ঘুমায়। |
| ৪ | নাকে দড়ি | বাধ্য | কৃতী গিন্নিরা কর্তার নাকে দড়ি দিয়ে সংসার চালান। |
| ৫ | নাকে খত | দোষ স্বীকার | নাকে খত দিয়ে আবদুল এবার রক্ষা পেল। |
| ৬ | নাকে মুখে | দ্রুত খাওয়া | নাকে মুখে দুটো দিয়েই আবীর চলে গেল। |
| ৭ | নাক গলানো | অনধিকার-চর্চা করা | সব ব্যাপারে নাক গলানো অনুচিত। |
| ৮ | নাক উচান | অবজ্ঞা প্রকাশ করা | সব সময় নাক উচিয়ে চললে বন্ধুত্ব থাকে না। |
| ৯ | নাকি কান্না | কৃত্রিম কান্না | এমন নাকি কান্নায় কাজ উদ্ধার হয় না। |
| ১০ | নাক ডাকা | শব্দ করা | রানা নাক ডাকিয়ে ঘুমায়। |

## ৪. কান

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | কান কাটা | হার মানা বা হওয়া | পরীক্ষায় ফেল হলে মেয়েটার কাছে আমাদের কান কাটা যাবে। |
| ২ | কান খাড়া করা | উৎকর্ণ হওয়া | চারদিকে কান খাড়া করে রাখতে হয়, কখন কি ঘটে। |
| ৩ | কান পাতা | শুনতে প্রস্তুত | কথাটা শোনার জন্য উর্মি গোপনে কান পেতে ছিল। |
| ৪ | কান ভারী করা | কুমন্ত্রণা দেওয়া | কর্তার কান ভারী করেই অনর্থ ঘটাল। |
| ৫ | কানে ওঠা | কর্ণগোচর হওয়া | কথাটা ক্রমে ক্রমে গিন্নির কানে উঠল। |
| ৬ | কান পাতলা | সহজেই বিশ্বাস প্রবণ | কান পাতলা লোক দিয়ে অফিস চলে না। |
| ৭ | কানাকানি | কানে কানে কথা বলা | কানাকানি না করে সবাইকে বলে ফেল। |
| ৮ | কানে খাট | বধির | লোকটি কানে খাট, তাই কথা জোরে বলতে হয়। |
| ৯ | কানে দেওয়া | শোনানো | কথাটা বড় সাহেবের কানে দেওয়া হয়েছে। |
| ১০ | কানে আঙুল দেওয়া | শুনতে না চাওয়া | পরচর্চায় রীতা কানে আঙুল দেয়। |

## ৫. মুখ

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | মুখ খোলা | কথা বলা | অনেক দিন পরে শুভ মুখ খুলেছে। |
| ২ | মুখ সামলে | সংযত ভাষায় | মুখ সামলে কথা বল। |
| ৩ | মুখ চেয়ে | সাহায্যপ্রার্থী হয়ে | ধনীর মুখ চেয়ে ভিক্ষুকের দিন কাটে। |
| ৪ | মুখ রাখা | সম্মান রাখা | যোগ্য সন্তানেরাই পিতার মুখ রাখে। |
| ৫ | মুখ বন্ধ | চুপ থাকা | এত কথা বলার পরও দীপার মুখ বন্ধ রইল। |
| ৬ | মুখ চুন | লজ্জায় মলিন | প্রার্থীর পরাজয়ে কর্মীদের মুখ চুন হয়ে গেল। |
| ৭ | মুখ তুলে চাওয়া | প্রসন্ন হওয়া | সাধনা কর, আল্লাহ মুখ তুলে চাইবেন। |
| ৮ | মুখ ফুটা | সাহস করে বলা | মেয়েদের বুক ফাটে তো মুখ ফোটে না। |
| ৯ | মুখ ভার | মুখ গম্ভীর করা | দায়িত্বের কথা শুনে মুখ ভার করা অন্যায়। |
| ১০ | মুখোমুখি | প্রত্যক্ষ | উভয় পক্ষ মুখোমুখি হয়েছে। |

## ৬. গলা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | বড় গলা | উচ্চ কণ্ঠস্বর | সততা থাকলেই বড় গলায় কথা বলা যায়। |
| ২ | ভারী গলা | গম্ভীর | অধ্যক্ষ ভারী গলায় বহিষ্কারের আদেশ দিলেন। |
| ৩ | গলা থাকা | কণ্ঠস্বরে জোর | খেয়াল গাইতে হলে গলা থাকতে হয়। |
| ৪ | গলায় দড়ি | ধিক্কারসূচক উক্তি | এ ঘটনার পর গলায় দড়ি দেওয়া উচিত। |
| ৫ | গলা কাটা | অত্যধিক মূল্য হাকা | বাজারে জিনিসের গলা কাটা দাম শুনে ক্রেতার দম বন্ধ হতে চায়। |
| ৬ | গলাবাজি | নিষ্ফল বক্তৃতা | গলাবাজি করলেই নেতা হওয়া যায় না। |
| ৭ | গলাগলি | প্রীতির ভাব | দুজনের মধ্যে গলাগলি ভাব। |
| ৮ | গলবস্ত্র | অতি বিনীত | গলবস্ত্র হয়ে কামাল সাহায্য চাইল। |
| ৯ | গলগ্রহ | অনভিপ্রেত বোঝা | পরের গলগ্রহ হতে নেই। |
| ১০ | গলা ধাক্কা | অপমানে বিতাড়ন | অকর্মাকে গলা ধাক্কা দিয়ে বিদায় দেওয়া হল। |

## ৭. বুক

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | বুক জুড়ান | শান্তি লাভ করা | মেয়ের পরীক্ষার ফল দেখে মায়ের বুক জুড়াল। |
| ২ | বুক ফাটা | মনের দুঃখে হৃদয় বিদীর্ণ হওয়া | মেয়েদের বুক ফাটে তো মুখ ফোটে না। |
| ৩ | বুক ফোলান | গর্ব প্রকাশ করা | ছেলের ফল দেখে পিতার বুক ফুলে উঠল। |
| ৪ | বুক বাঁধা | সাহসে ভর করা | বাধা পার হওয়ার জন্য পলাশ সাহসে বুক বাঁধল। |
| ৫ | বুক ভাঙা | হতাশ হওয়া | ফেল করে খোকার বুক ভেঙে গেল। |
| ৬ | বুকের পাটা | সাহস | সততা থাকলেই বুকের পাটা বড় হয়। |
| ৭ | বুক পাতা | তৈরি | বিপদের জন্য বুক পেতে থাকতে হবে। |
| ৮ | বুকের মাঝে | মনে | বুকের মাঝে ব্যথা জমিয়ে রাখতে নেই। |
| ৯ | বুক ঠুকে | নির্ভয়ে | অন্যায়ের বিরুদ্ধে বুক ঠুকে দাঁড়াতে হবে। |
| ১০ | বুক শুকান | ভয় পাওয়া | ভয়ে মিতার বুক শুকিয়ে গেল। |

## ৮. হাত

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | হাত পাকানো | অভ্যেস করে দক্ষতা লাভ করা | সুন্দর লেখার জন্য হাত পাকাতে হয়। |
| ২ | হাত পাতা | সাহায্য চাওয়া | জীবনে কারও কাছে হাত পাতবে না। |
| ৩ | হাত গুটানো | নিরস্ত হওয়া | হাত গুটিয়ে বসে থাকলে জীবন চলে না। |
| ৪ | হাতে পাওয়া | বাগে পাওয়া | ফাঁকিবাজটাকে একবার হাতে পেলে হয়। |
| ৫ | হাত করা | রাজি করা, স্বপক্ষে আনা | বড় সাহেবকে হাত করলেই চাকরি হয়। |
| ৬ | মাথায় হাত দেওয়া | দুর্ভাবনায় মুষড়ে পড়া | বিপদে মাথায় হাত দেওয়া ঠিক নয়। |
| ৭ | গালে হাত | নিশ্চেষ্ট | গালে হাত দিয়ে বসে না থেকে কাজে হাত দিতে হবে। |
| ৮ | হাত জোড় করা | ক্ষমা চাওয়া | এমন কাজ করো না যাতে হাত জোড় করতে হয়। |
| ৯ | হাত থাকা | ক্ষমতা | সব ব্যাপারেই হাত থাকবে এমন নয়। |
| ১০ | গায়ে হাত তোলা | মারা, প্রহার করা | কারও গায়ে হাত তুলতে নেই। |

## ৯. গা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | গা তোলা | ওঠা, জাগা | সকালে গা তুলে কাজে লাগতে হয়। |
| ২ | গা দেওয়া | মনোযোগ দেওয়া | পরীক্ষার ব্যাপারে গা দেয়নি বলে পরিণতি ভাল হল না। |
| ৩ | গায়ের জ্বালা | ঈর্ষা | পরের ভাল দেখলে শিমূলের গায়ের জ্বালা বাড়ে। |
| ৪ | গায়ে দেওয়া | পরা | নতুন জামা গায়ে দিয়ে খুকি খুব খুশি। |
| ৫ | গায়ে মাখা | গ্রাহ্য করা, মেনে নেওয়া | কোনও উপদেশ মীরা গায়ে মাখে না। |
| ৬ | গায়ে হাত তোলা | প্রহার করা | যাই করুক, গায়ে হাত তোলা ঠিক নয়। |
| ৭ | গা জুড়ান | শান্তি বা স্বস্তি পাওয়া | লোকটা বিদায় হওয়ায় বীণার গা জুড়াল। |
| ৮ | গা-সহা | সহ্য, অভ্যস্ত | কালবাজারীদের জুলুম গা সহা হয়ে গেছে। |
| ৯ | গা ঢাকা দেওয়া | আত্মগোপন করা | পুলিশকে দেখে চোর গা ঢাকা দিল। |
| ১০ | গায়ে ফুঁ দেওয়া | নিশ্চিন্তে আনন্দে কাল কাটান | পরীক্ষায় ভাল ফল করে রানা গায়ে ফুঁ দিয়ে বেড়াচ্ছে। |

## ১০. পড়া

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | পেটে পড়া | খাওয়া | সারাদিন কিছু পেটে পড়েনি। |
| ২ | বড় ঘরে পড়া | ভাল বিয়ে হওয়া | রানী বড় ঘরে পড়েছে বলে মা খুব খুশি। |
| ৩ | রাগ পড়া | শান্ত হওয়া | অনেক অনুরোধে সাহানার রাগ পড়ল। |
| ৪ | চোখে পড়া | দেখা | ঘটনাটি অনেকের চোখে পড়েনি। |
| ৫ | চোখ পড়া | আকৃষ্ট হওয়া | ফুলের বাগানে পিয়ালের চোখ পড়েছে। |
| ৬ | মনে পড়া | স্মরণ করা | ছেলেবেলার কথা মনে পড়ে। |
| ৭ | হাতে পড়া | আয়ত্তে আসা | যমের হাতে পড়েছ উপায় নেই। |
| ৮ | গায়ে পড়া | অযাচিত | গায়ে পড়ে ঝগড়া করতে নেই। |
| ৯ | বাকি পড়া | অনাদায়ী থাকা | অনেক টাকা বাকি পড়েছে। |
| ১০ | ফাঁদে পড়া | আটকে যাওয়া | বেশি চালাক হলে ফাঁদে পড়তে হয়। |

## ১১. ওঠা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | মন ওঠা | আশা মেটা, পছন্দ হওয়া | এত লাভেও রতনের মন উঠল না। |
| ২ | রব ওঠা | গুজব রটা | এবার বন্যা হবে বলে রব উঠেছে। |
| ৩ | পাট ওঠা | বিলুপ্ত হওয়া | তামাক দিয়ে আপ্যায়নের পাট উঠে গেছে। |
| ৪ | লাটে ওঠা | লোকসানের ফলে বিনষ্ট হওয়া | পাটের ব্যবসা এখন লাটে উঠেছে। |
| ৫ | জাতে ওঠা | উন্নততর জাতে স্থান পাওয়া | জনসেবা করে কাজী এখন জাতে উঠেছে। |
| ৬ | দাঁত ওঠা | গজানো | এতদিনে আক্কেল দাঁত উঠছে। |
| ৭ | চুল ওঠা | স্খলিত হওয়া | দুশ্চিন্তায় খানের মাথার চুল উঠে গেছে। |
| ৮ | চাঁদা ওঠানো | সংগ্রহ করা | চাঁদা ওঠানো মাস্তানদের একটা পেশা। |
| ৯ | কানে ওঠা | শোনা | কথাটা বড় সাহেবের কানে উঠেছে। |
| ১০ | উঠে পড়ে লাগা | বিপুল উদ্যমে কাজে লাগা | ভাল ছাত্রের বছরের প্রথম থেকেই লেখাপড়ায় উঠে পড়ে লাগা উচিত। |

## ১২. বসা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | গদিতে বসা | অধিষ্ঠিত হওয়া | বিপুল ভোটে জয়লাভ করেই গদিতে বসেছিল। |
| ২ | বসে থাকা | অপেক্ষা করা | সভাপতিকে সভার শেষতক বসে থাকতে হয়। |
| ৩ | ঘরে বসা | কর্মহীন অবস্থায় থাকা | ছেলেটা অনেক দিন ঘরে বসা। |
| ৪ | বসে পড়া | বিপন্ন বা হতাশ হওয়া | মামলায় হেরে হাবলা একেবারে মাথায় হাত দিয়ে বসে পড়ল। |
| ৫ | বসে যাওয়া | সর্বনাশগ্রস্ত হওয়া | লোকসানে বাবুল বসে গেছে। |
| ৬ | মন বসা | মনোযোগ দেওয়া | পড়ায় মন বসে না। |
| ৭ | পথে বসা | নিঃস্ব হওয়া | ব্যবসা নষ্ট হওয়ায় সেতু এখন পথে বসেছে। |
| ৮ | দাঁত বসানো | কামড় দেওয়া | পেয়ারাটায় দাঁত বসানো গেল না। |
| ৯ | বসে বসে খাওয়া | নিষ্কর্মা হয়ে পরান্নে বা সঞ্চিত অর্থে বাঁচা | কদিন আর বসে বসে খাওয়া চলবে। |
| ১০ | বসিয়ে দেওয়া | নিরুৎসাহিত করা | শ্রোতারা হৈ চৈ করে বক্তাকে বসিয়ে দিল। |

## ১৩. ধরা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | মনে ধরা | ভাল লাগা | গল্পটি বেশ মনে ধরেছে। |
| ২ | ঘুণে ধরা | ভেতর থেকে ক্ষতি হওয়া | জাতিকে ঘুণে ধরা থেকে রক্ষা কর। |
| ৩ | ধামাধরা | তোষামুদে | সংসারে ধামাধরা লোকের অভাব নেই। |
| ৪ | ফল ধরা | কাজ হওয়া | তোষামুদে ফল ধরেছে। |
| ৫ | গলা ধরা | বসে যাওয়া | ঠাণ্ডায় গলা ধরেছে। |
| ৬ | বুকে ধরা | লালন করা | কত আদরেই ছেলেকে বুকে ধরেছিল। |
| ৭ | মাথাধরা | যন্ত্রণা হওয়া | অংক দেখলেই কারও কারও মাথা ধরে। |
| ৮ | ঔষধ ধরা | কাজে আসা | এতদিনে মীনাকে ঔষধে ধরেছে। |
| ৯ | দাম ধরা | নির্ধারণ করা | জবাইর আগে গরুটার দাম ধরে নাও। |
| ১০ | ধরাধরি | অনুরোধ, অনুনয়-বিনয় | এত ধরাধরি করেও চাকরি হল না। |

## ১৪. করা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | নাম করা | স্মরণ করা, খ্যাতি লাভ করা | পরীক্ষায় ভাল কর লোকে নাম করবে। |
| ২ | টাকা করা | অর্থ সঞ্চয় করা | অল্পদিনেই খন্দকার অনেক টাকা করেছে। |
| ৩ | হাতে করা | লওয়া | জিনিসটা আগে হাতে কর। |
| ৪ | আমতা আমতা করা | পরিষ্কার উত্তর দিতে না পারা | পড়া না শিখলে আমতা আমতা করতে হয়। |
| ৫ | কাজ করা | সম্পাদন | অনেক চেষ্টায় কাজটা করা হয়েছে। |
| ৬ | গাড়ি করা | গাড়ি ভাড়া করা বা কেনা | বুলবুল গাড়ি করে বেড়াতে গেছে। |
| ৭ | ঠিক করা | সিদ্ধান্ত করা | ঠিক করলাম এবার ভাল করে পড়ব। |
| ৮ | কান ভারী করা | কুপরামর্শ দেওয়া | নানা কথা বলে কান ভারী করা রোজির স্বভাব। |
| ৯ | বাজার করা | কেনাকাটা করা | এবার শাহিন ঈদের বাজার করেছে। |
| ১০ | পাখা করা | সঞ্চালন করা | গরমে পাখা করে কিছুটা আরাম মিলে। |

## ১৫. ছাড়া

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | ছেড়ে দেওয়া | মুক্তি দেওয়া | পুলিশ আসামীকে ছেড়ে দিল। |
| ২ | গলা ছাড়া | গলার স্বর উঁচু করা | রানু গলা ছেড়ে গান ধরল। |
| ৩ | মা ছাড়া | মাহারা | মা ছাড়া মেয়ের দুঃখ অনেক। |
| ৪ | ছাড়া গরু | স্বাধীন, বন্ধনহীন গরু | ছাড়া গরু মোটাতাজা হয়। |
| ৫ | সৃষ্টিছাড়া | নিয়মের বাইরে | এমন সৃষ্টিছাড়া বস্তু দেখিনি। |
| ৬ | ছাড়া পাওয়া | মুক্তি পাওয়া | পড়া দিয়ে তবে ছাড়া পেয়েছে। |
| ৭ | লক্ষ্মীছাড়া | শ্রীহীন | এমন লক্ষ্মীছাড়া মেয়ে দেখিনি। |
| ৮ | সংসার ছাড়া | ত্যাগ | মনের দুঃখে স্বপন সংসার ছেড়েছে। |
| ৯ | ছেড়ে কথা বলা | উপেক্ষা | সুমন কাউকে ছেড়ে কথা বলে না। |
| ১০ | পথ ছাড়া | ব্যতীত | সত্যের পথ ছাড়া মুক্তির উপায় নেই। |

## ১৬. রাখা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | কথা রাখা | অনুরোধ পালন করা | পরীক্ষায় প্রথম হয়ে রানা কথা রেখেছে। |
| ২ | পায়ে রাখা | আশ্রয় দেওয়া | কোন রকম পায়ে রাখার জন্য লোকটি কাকুতি-মিনতি করল। |
| ৩ | মুঠায় রাখা | আয়ত্তে রাখা | অনেক কর্মীকে নেতা মুঠায় রাখেন। |
| ৪ | নাম রাখা | সম্মান রাখা | বাণী ভাল ফল করে বংশের নাম রেখেছে। |
| ৫ | আশা রাখা | সম্ভাবনা | ভাল ফল করব এমন আশা রাখছি। |
| ৬ | প্রাণ রাখা | বাঁচা | দুর্মূল্যের দিনে প্রাণ রাখা দায়। |
| ৭ | টাকা রাখা | গচ্ছিত রাখা | ব্যাংকে টাকা রেখে লাভ কি ? |
| ৮ | খেলা রাখা | স্থগিত করা | খেলা রেখে পড়তে বস। |
| ৯ | রেখে আসা | ফেলে আসা | বইটা টেবিলে রেখে এসেছি। |
| ১০ | মন রাখা | তুষ্ট করা | সবার মন রেখে চলতে হয়। |

## ১৭. লাগা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | মনে লাগা | পছন্দ হওয়া | শিক্ষকের উপদেশ মনে লেগেছে। |
| ২ | কাজে লাগা | অংশগ্রহণ | সে অনেকদিন ধরে কাজে লেগেছে। |
| ৩ | বাতাস লাগা | আরাম আয়েসে থাকা | তমাল গায়ে বাতাস লাগিয়ে বেড়ায়। |
| ৪ | ভাল লাগা | অনুভূত হওয়া | গান বেশ ভাল লেগেছে। |
| ৫ | পেছনে লাগা | শত্রুতা করা | কারও পেছনে লাগা ভাল নয়। |
| ৬ | শনি লাগা | কুপ্রভাব পড়া | কাজটায় শনি লেগেছে তাই শেষ হচ্ছে না। |
| ৭ | টাকা লাগা | প্রয়োজন হওয়া | বইটা কিনতে এক শ টাকা লাগল। |
| ৮ | ঔষধ লাগা | সফল হওয়া | অবশেষে ঔষধ লেগেছে সুমী এখন মনোযোগী হয়ে উঠেছে। |
| ৯ | বুকে লাগা | অন্তরে আঘাত পাওয়া | শমীর কথাটা বুকে লেগেছে। |
| ১০ | গলায় লাগা | আটকানো | কাঁটাটা গলায় লাগছে। |

## ১৮. দেওয়া

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | কথা দেওয়া | প্রতিশ্রুতি দেওয়া | কথা দিলাম কথা রাখব। |
| ২ | জবাব দেওয়া | বিদায় করে দেওয়া | এক কথায় চাকরকে জবাব দেওয়া হল। |
| ৩ | মেয়ে দেওয়া | বিয়ে দেওয়া | যোগ্য ঘরে মেয়ে দেওয়া খুশির ব্যাপার। |
| ৪ | কাঁটা দেওয়া | বাধা | উন্নতির পথে কাঁটা দেওয়া অনুচিত। |
| ৫ | ফল দেওয়া | উৎপাদন | অনেক পরিশ্রমে ভাল ফল দিয়েছে। |
| ৬ | পানিতে দেওয়া | বিসর্জন | ব্যবসার নামে অনেক টাকাই পানিতে দেওয়া হয়েছে। |
| ৭ | হাত দেওয়া | শুরু করা | ভেবে-চিন্তে কাজে হাত দেওয়া হল। |
| ৮ | দাম দেওয়া | গুরুত্ব দেওয়া | ন্যায়বানকে সবাই দাম দেয়। |
| ৯ | কান দেওয়া | মনোযোগ দেওয়া | শিক্ষকের কথায় কান দিল না বলেই এমন দুর্ভোগ। |
| ১০ | ছেড়ে দেওয়া | মুক্তি দেওয়া | পুলিশ আসামীকে ছেড়ে দিয়েছে। |

## ১৯. লওয়া

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | পড়া লওয়া | পরীক্ষা | শিক্ষক শ্রেণীকক্ষে ছাত্রছাত্রীর পড়া নিলেন। |
| ২ | নাম লওয়া | স্মরণ করা | কীর্তিমান লোকের নাম লওয়া হয়। |
| ৩ | মনে লওয়া | ধারণা লাভ | বিষয়টা মনে লওয়া কঠিন। |
| ৪ | টাকা লওয়া | ঋণ গ্রহণ | মহাজনের কাছ থেকে টাকা নিয়েছে। |
| ৫ | কাঁধে লওয়া | দায়িত্ব গ্রহণ করা | সংসারের বোঝা মামুন কাঁধে নিয়েছে। |
| ৬ | পথ লওয়া | উপায় অবলম্বন করা | অনেক চেষ্টায় মাসুদ সঠিক পথ নিয়েছে। |
| ৭ | দাওয়াত লওয়া | স্বীকার করা | সামান্য অনুরোধেই বেবি দাওয়াত নিল। |
| ৮ | কাজ লওয়া | নিযুক্ত হওয়া | আজকাল সহজে কাজ লওয়া যায় না। |
| ৯ | মাদুলি লওয়া | মাদুলি গ্রহণ | মাদুলি নিয়ে কি পরীক্ষায় পাশ হবে? |
| ১০ | মত লওয়া | সম্মতি নেওয়া | গুরুজনের মত নিয়ে কাজ করতে হয়। |

## ২০. খাওয়া

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | হাওয়া খাওয়া | সেবন করা | হাওয়া খেলে পেট ভরে না। |
| ২ | নিমক খাওয়া | উপকার পাওয়া | নিমক খেলে মনে রাখতে হয়। |
| ৩ | ধমক খাওয়া | তিরস্কার | এক ধমক খেয়েই সোনিয়া সোজা হয়েছে। |
| ৪ | খাপ খাওয়া | মানিয়ে চলা | সংসারে সবার সাথে খাপ খাইয়ে চলতে হয়। |
| ৫ | মাথা খাওয়া | দিব্যি/নষ্ট করা | মাথা খাও, এখন যেও না। আদর দিয়ে মাথা খেয়েছে। |
| ৬ | টাকা খাওয়া | ঘুষ লওয়া | টাকা খেয়ে খেয়ে চৌধুরী এখন বড়লোক। |
| ৭ | পেটে খাওয়া | লাভ হওয়া | পেটে খেলে পিঠে সয়। |
| ৮ | মার খাওয়া | সহ্য করা | জীবনের পথে অনেক মার খেতে হয়। |
| ৯ | ধাক্কা খাওয়া | বাধা পাওয়া | কাজের শুরুতেই সাদিক ধাক্কা খেল। |
| ১০ | খাবি খাওয়া | ধুঁকে ধুঁকে চলা | সংসারে সে খাবি খেতে খেতেই দিন কাটাল। |

## ২১. চলা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | চলে যাওয়া | প্রস্থান করা | ক্লাস শেষ করে শিক্ষক চলে গেলেন। |
| ২ | ভাল চলা | লাভজনক হওয়া | ব্যবসা বেশ ভাল চলছে। |
| ৩ | সময় চলা | অতিবাহিত হওয়া | সময় চলে যাচ্ছে, পড়ায় মন দাও। |
| ৪ | সংসার চলা | নির্বাহ হওয়া | আজকের দিনে সংসার চলা কঠিন। |
| ৫ | টাকায় চলা | কুলান | অল্প বেতনের স্বল্প টাকায় চলতে হবে। |
| ৬ | সমাজে চলা | স্বীকৃতি পাওয়া | পুরানো রীতিনীতি এখন সমাজে চলে না। |
| ৭ | গল্প চলা | আরম্ভ হওয়া | পড়া শেষ করে গল্প চলবে। |
| ৮ | দৃষ্টি চলা | প্রসারিত হওয়া | যতদূর দৃষ্টি চলে সোনালি ফসলের মাঠ। |
| ৯ | কথামত চলা | বাধ্য | মায়ের কথামত চলতে হবে। |
| ১০ | চলাফেরা | হাঁটা | ভুলু এখন আর চলাফেরা করতে পারে না। |

## ২২. পাতা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | হাত পাতা | সাহায্য চাওয়া | কারও কাছে হাত পাতা অন্যায়। |
| ২ | কান পাতা | উন্মুখ হয়ে শোনা | আমি কান পেতে রই আমার আপন হৃদয়-গহন-দ্বারে। |
| ৩ | সংসার পাতা | স্থাপন করা | দুজনে সুখের সংসার পেতেছে। |
| ৪ | আড়িপাতা | গোপনে শোনা | পরের কথায় আড়ি পাতার অভ্যাস ভাল নয়। |
| ৫ | পিঠ পাতা | মোকাবিলা করা | পিঠ পেতেছি বিপদ যাই আসুক। |
| ৬ | মাথা পাতা | শিরোধার্য করা | আদেশ মাথা পেতে নেব। |
| ৭ | ফাঁদ পাতা | কৌশল জাল বিস্তার করা | ফাঁদ পাতা আছে ভুবনে ভুবনে। |
| ৮ | জাল পাতা | শিকার ধরার ব্যবস্থা | জাল পেতেও বাঘ ধরা যায়। |
| ৯ | বুক পাতা | সম্মুখীন হওয়া | সব বাধা বুক পেতে নেব। |
| ১০ | আসন পাতা | বিছানো | খাবারের আসন পাতা হয়েছে। |

## ২৩. কাটা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | সময় কাটা | অতিবাহিত হওয়া | লেখাপড়ায় সময় কাটাও। |
| ২ | ঘাস কাটা | অনর্থক সময় নষ্ট করা | কাজ না থাকলে কাট ঘোড়ার ঘাস। |
| ৩ | ধারে কাটা | তীক্ষ্ণতা | টাকা থাকলে ধারেও কাটে ভারেও কাটে। |
| ৪ | ফাঁড়া কাটা | বিপদ কাটা | এখন ফাঁড়া কেটে গেছে। |
| ৫ | পাশ কাটানো | এড়িয়ে চলা | সব ব্যাপারে পাশ কাটিয়ে চলা অনুচিত। |
| ৬ | পোকায় কাটা | নষ্ট | অনেকেরই বই পোকায় কাটে। |
| ৭ | ছড়া কাটা | বলা | ছড়া কেটে শিশুরা লেখাপড়া শুরু করে। |
| ৮ | গাঁট কাটা | চুরি | অনেকেই এখন পরের গাঁট কেটে বড় লোক। |
| ৯ | তাল কাটা | ছন্দ পতন | বেরসিক শ্রোতার হাততালিতে গানের তাল কেটে গেল। |
| ১০ | নেশা কাটা | অতিবাহিত | পরীক্ষা আসায় তার গল্প পড়ার নেশা কেটেছে। |

## ২৪. মারা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | ঘা মারা | আঘাত করা | আধমরাদের ঘা মেরে তুই বাঁচা। |
| ২ | জাত মারা | জাতিচ্যুত করা | নিষিদ্ধ খাবার খেয়ে লোকটির জাত মারা গেল। |
| ৩ | ভাত মারা | জীবিকা নষ্ট করা | বেশি চালাকির জন্যই মোড়লের ভাত মারা গেল। |
| ৪ | মারা যাওয়া | ধ্বংস হওয়া | কাজ করতে করতে মারা যাওয়ার উপক্রম হয়েছে। |
| ৫ | মার্কা মারা | চিহ্নিত | মাস্তান হিসেবে সবুজ মার্কা মারা হয়ে পড়েছে। |
| ৬ | তালি মারা | মেরামত করা | অর্থ না থাকলে তালি মেরে কদিন চলে। |
| ৭ | পকেট মারা | পকেট থেকে চুরি করা | পকেটমারা যাওয়ায় হাতেমের হাত খালি। |
| ৮ | টাকা মারা | অসদুপায়ে লুঠ বা আত্মসাৎ করা | লটারীতে টাকা মেরে সুজন এখন বড়লোক। |
| ৯ | মশা মারা | ধ্বংস করা | মশা মরার জন্য কামান দাগা ঠিক নয়। |
| ১০ | ঝুম মারা | চুপ থাকা | চালাকি ধরা পড়ায় ঈশিতা খানিকক্ষণ ঝুম মেরে রইল। |

## ২৫. কাঁচা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | কাঁচা হাত | অদক্ষ | কাঁচা হাতের লেখায় ভাল ফল পাওয়া যায় না। |
| ২ | কাঁচা কাজ | অবিবেচকের কাজ | এমন কাঁচা কাজ করে প্রশংসা মিলে না। |
| ৩ | কাঁচা ঘুম | অগভীর | কাঁচা ঘুম ভাঙলে মেজাজ খারাপ হয়। |
| ৪ | কাঁচা সোনা | খাঁটি | কাঁচা সোনার গহনার দাম বেশি। |
| ৫ | কাঁচা বয়স | অপরিণত | কাঁচা বয়সে বেশি পরিশ্রম সয় না। |
| ৬ | কাঁচা লোক | আনাড়ি | কাঁচা লোক দিয়ে ভাল কাজ হয় না। |
| ৭ | কাঁচা রং | অস্থায়ী | কাঁচা রঙের কাপড় কিনে ঠকেছ। |
| ৮ | কাঁচা আম | অপরিপক্ক | কাঁচা আমও মিঠা হতে পারে। |
| ৯ | কাঁচা দুধ | অসিদ্ধ | কাঁচা দুধ অনেকের হজম হয় না। |
| ১০ | কাঁচা রাস্তা | বাঁধানো নয় | কাঁচা রাস্তায় বৃষ্টিতে কাদা হয়। |

## ২৬. পাকা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | পাকা কথা | চূড়ান্ত | পাকা কথা হয়ে গেছে, এখন দিন ঠিক হবে। |
| ২ | পাকা সোনা | খাঁটি | পাকা সোনার গয়নায় গর্ব আছে। |
| ৩ | পাকা হাত | দক্ষ | এ যে পাকা হাতের লেখা দেখলেই বোঝা যায়। |
| ৪ | পাকা কাজ | নিখুঁত | পাকা কাজে খুঁত ধরার উপায় নেই। |
| ৫ | পাকা চুল | বয়সে বৃদ্ধ | পাকা চুল হলেও বুদ্ধিতে পাকা নয়। |
| ৬ | পাকা রং | স্থায়ী | পাকা রং বুঝেই কাপড় কিনেছি। |
| ৭ | পাকা রাস্তা | বাঁধানো | পাকা রাস্তায় চলতে আরাম। |
| ৮ | পাকা হাড় | সহিষ্ণু দেহ | পাকা হাড়ে সবই সয়। |
| ৯ | পাকা ওজন | সঠিক | পণ্য পাকা ওজনে বিক্রয় করাই উচিত। |
| ১০ | পাকা মাথা | অভিজ্ঞ লোক | পাকা মাথার কাছ থেকে বুদ্ধি নিতে হয়। |

## ২৭. বড়

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | বড় কথা | স্পর্ধিত উক্তি | ছোট মুখে বড় কথা বলা অনুচিত। |
| ২ | বড় গলা | গর্ব | ভাল ছেলেমেয়ের কথা বড় গলায় বলা দরকার। |
| ৩ | বড় জোর | খুব বেশি হলে | পরীক্ষার জন্য বড় জোর তিন ঘণ্টা সময় দিতে হয়। |
| ৪ | বড় একটা | বিশেষ | ভাল ফলের জন্য বড় একটা ভাবতে হয় না। |
| ৫ | বড় ঘর | উঁচু বংশ | বড় ঘরে পড়ে বৌ খুশি হয়েছে। |
| ৬ | বড় লোক | ধনী | বাবা বড় লোক হলেই চলে না। |
| ৭ | বড় মন | উদার | জীবনে বড় হওয়ার জন্য বড় মন চাই। |
| ৮ | বড় মুখ | অনেক আশা | বড় মুখ করে কথাটা বলেছি। |
| ৯ | বড় হওয়া | উন্নতি করা | বড় হও নিজের চেষ্টায়। |
| ১০ | বড় কুটুম | সম্বন্ধী | খালিদের বড় কুটুম একজন বড় লোক। |

## ২৮. ছোট

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | ছোট হওয়া | বিনীত | বড় যদি হতে চাও ছোট হও আগে। |
| ২ | ছোট করা | হেয় করা | বংশের জন্য কাউকে ছোট করা ঠিক নয়। |
| ৩ | ছোট কাজ | হীন | ছোট কাজ বলে কিছু নেই। |
| ৪ | ছোট মুখ | অযোগ্য | ছোটমুখে বড় কথা বলা ভাল নয়। |
| ৫ | ছোট জাত | নীচ | ছোট জাত বলে কাউকে অবহেলা করো না। |
| ৬ | ছোট নজর | সঙ্কীর্ণ চিত্ত | ছোট নজরে কাউকে দেখতে নেই। |
| ৭ | ছোট সাহেব | নিম্নপদস্থ | ছোট সাহেব কিন্তু কাজ বড়। |
| ৮ | ছোটখাট | তুচ্ছ | ছোটখাট ব্যাপারে নাক না গলানোই ভাল। |
| ৯ | ছোট ভাই | কনিষ্ঠ | ছোট ভাই সবার আদরের। |
| ১০ | ছোট লোক | অভদ্র | ছোট লোক বলে বিবেচিত হওয়া লজ্জার কথা। |

## ২৯. ভাল

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | ভাল লোক | সৎ | বড় সাহেব একজন ভাল লোক। |
| ২ | ভাল মানুষ | নিরীহ | ছোট সাহেব একজন ভাল মানুষ। |
| ৩ | ভাল কথা | হিত বাক্য | ভাল কথা সবারই ভাল লাগে। |
| ৪ | ভাল থাকা | সুস্থ | ভাল থাকার জন্য মানুষের চেষ্টার শেষ নেই। |
| ৫ | ভাল লাগা | তৃপ্তিকর | মনটা এখন ভাল লাগছে। |
| ৬ | ভাল হওয়া | মঙ্গল | সবার ভাল হোক। |
| ৭ | ভাল মনে | সরল মনে | কথাটা ভাল মনেই বলেছি। |
| ৮ | ভাল খবর | সুখবর | ভাল খবরটা এখনই পেয়েছি। |
| ৯ | ভাল কাজ | পুণ্য | ভাল কাজে তার মন আছে। |
| ১০ | ভালমন্দ | শুভাশুভ | সংসারে ভালমন্দ বেছে চলতে হয়। |

## ৩০. মন্দ

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | মন্দ বায়ু | ধীর | মন্দ বায়ুতে পাল খাটে না। |
| ২ | মন্দ লোক | অসৎ | মন্দ লোকের সঙ্গী না হওয়াই ভাল। |
| ৩ | মন্দ ভাগ্য | অশুভ | মন্দ ভাগ্য পরিবর্তনের উদ্যোগ নিতে হবে। |
| ৪ | মন্দ বাক্য | কুকথা | মন্দ বাক্য শুনতে মন চায় না। |
| ৫ | মন্দ বুদ্ধি | খারাপ প্রকৃতির | মন্দ বুদ্ধি লোকের ওপর ভরসা নেই। |
| ৬ | মন্দ গতি | ধীর গতি | নৌকাটি মন্দ গতিতে চলছে। |
| ৭ | মন্দ মন্দ | ধীরে ধীরে | বাতাস মন্দ মন্দ বইছে। |
| ৮ | মন্দ শরীর | অসুস্থ | মন্দ শরীরে কাজ করা যায় না। |
| ৯ | মন্দের ভাল | কম মন্দ | প্রথম বিভাগের চেয়ে দ্বিতীয় বিভাগ মন্দের ভাল। |
| ১০ | মন্দা | দাম কমে যাওয়া | পাটের বাজার এখন মন্দা। |

## ৩১. মন

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | মনে পড়া | স্মৃতি | ছোটবেলাব কথা মনে পড়ে। |
| ২ | মন থাকা | নিবিষ্টতা | লেখাপড়ায় মন নেই পরীক্ষা ভাল হবে কেন ? |
| ৩ | মনের মত | পছন্দ সই | মনের মত কাজ পেয়ে রানা খুব খুশি। |
| ৪ | মন বসা | ভাল লাগা | প্রবন্ধ পাঠে তার মন বসে না। |
| ৫ | মনে করা | সংকল্প বা স্থির করা | মনে করেছি বেড়াতে যাব। |
| ৬ | মন কাড়া | আকৃষ্ট বা মুগ্ধ করা | মধুর ব্যবহারে সে সবার মন কেড়েছে। |
| ৭ | মন খোলা | উদার | মন খোলা হয়ে সুখী হওয়া যায়। |
| ৮ | মন গলা | দয়ায় মন আর্দ্র হওয়া | অনুরোধে মন গলে গেল। |
| ৯ | মন যোগান | খুশি করা | বড় সাহেবের মন যুগিয়ে চলা কঠিন। |
| ১০ | মন টানা | আকৃষ্ট হওয়া | কলেজের দিকে কাজরীর মন টানে। |

## ৩২. কথা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | কথা বলা | উক্তি | এতক্ষণে সে কথা বলছে। |
| ২ | কথা রাখা | প্রতিশ্রুতি | কথা রাখার জন্য চেষ্টা করা উচিত। |
| ৩ | কথা পাড়া | প্রস্তাব করা | ভূমিকা করে রানী আসল কথা পাড়ল। |
| ৪ | কথা কাটাকাটি | তর্ক | দুই বান্ধবীর মধ্যে কথা কাটাকাটি হয়ে গেল। |
| ৫ | কথা শোনা | তিরস্কার | অনর্থক কথা শুনতে হল। |
| ৬ | কথার ধার | তীব্রতা | তার কথার ধার খুব বেশি। |
| ৭ | কথার কথা | সারহীন | এটা একটা কথার কথা। |
| ৮ | কথায় কথায় | কথাচ্ছলে | কথায় কথায় অনেক দূর এসে পড়লাম। |
| ৯ | কথা রাখা | অঙ্গীকার | ছবি কথা রাখবে এমন বিশ্বাস আছে। |
| ১০ | মনের কথা | প্রকৃত তথ্য | শেষ পর্যন্ত কাকলি মনের কথা খুলে বলল। |

## ৩৩. চাল

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | চালচলন | আচার-ব্যবহার | চালচলন জেনেই বোঝা যায় যে রফিক ভাল ছেলে। |
| ২ | বনেদী চাল | আভিজাত্য | বনেদী চালে বংশের পরিচয় মিলে। |
| ৩ | চালমারা | মিথ্যা বড়াই | চাল মেরে বেশিদিন চলা যায় না। |
| ৪ | চাল দেওয়া | ফন্দি খাটান | চাল দিয়ে চলা যায় না। |
| ৫ | চাল বাড়ান | আড়ম্বর | চাল বাড়ালে খরচ বাড়ে। |
| ৬ | চালবাজী | ফাঁকিবাজী | চালবাজী ধরা পড়ে যায়। |
| ৭ | নবাবী চাল | বাহাদুরি | নবাবী চাল বেশিদিন চলে না। |
| ৮ | চালে মাত করা | দাবার চাল | এক চালেই মাত করা পাকা দাবারুর কাজ। |
| ৯ | চাল বুঝে চলা | পরিস্থিতি বিবেচনা করে | সমাজে চাল বুঝে চলতে হয়। |
| ১০ | চালাচালি | স্থানান্তর | কথা চালাচালি করে লাভ নেই। |

## ৩৪. গরম

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | গরম কাল | গ্রীষ্ম | বৈশাখ জ্যৈষ্ঠ গরম কাল। |
| ২ | কথার গরম | ঔদ্ধত্য | কথার গরমে উত্তেজনা বাড়ে। |
| ৩ | টাকার গরম | গর্ব | টাকা থাকলেই টাকার গরম দেখাতে হয় না। |
| ৪ | গরম মেজাজ | উগ্র | গরম মেজাজকে সবাই ভয় পায়। |
| ৫ | গরম কথা | কড়া | অনর্থক গরম কথা শুনিয়ে দিল। |
| ৬ | গরম বাজার | চড়া | ঈদের সময় বাজার গরম থাকে। |
| ৭ | গরম খবর | টাটকা | গরম খবর সবার পছন্দ। |
| ৮ | গরম গরম | সদ্য রাঁধা | গরম গরম খাবার খেতে মজা। |
| ৯ | মাথা গরম | বিকার | লোকসান দিয়ে এখন মাথা গরম। |
| ১০ | গরম কাপড় | শীতনিবারক বস্ত্র | শীতকালে গরম কাপড় না হলে চলে না। |

## ৩৫. নাম

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | নাম দেওয়া | সংজ্ঞা | নববর্ষে নাম দেওয়ার রীতি আছে। |
| ২ | নাম রাখা | মর্যাদা | ভাল ফল করে কাঁকন বংশের নাম রেখেছে। |
| ৩ | নামডাক | খ্যাতি | পূর্বপুরুষের নামডাকে বাহাদুরি নেই। |
| ৪ | কাজের নামে | অজুহাত | কাজের নামে সময় নষ্ট হয়। |
| ৫ | নামমাত্র | সামান্য পরিমাণ | নামমাত্র দামে মেধা বিক্রি হচ্ছে। |
| ৬ | নামকরা | খ্যাতিমান | নামকরা শিক্ষকের হাতে পড়া ভাগ্য। |
| ৭ | নাম কাটা | তালিকা থেকে বাদ | বেতন না দিলে নাম কাটা যায়। |
| ৮ | নাম ডোবান | সুনাম নষ্ট করা | পরীক্ষায় ফেল করে বংশের নাম ডুবিয়েছে। |
| ৯ | নাম লওয়া | স্মরণ করা | সুখে দুঃখে আল্লাহর নাম নিতে হয়। |
| ১০ | নাম লেখান | দলভুক্ত | বিতর্ক সমিতিতে কণা নাম লিখিয়েছে। |

## ৩৬. মাটি

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | মাটি করা | নষ্ট করা | ভুল পথে চলে জীবন মাটি করেছে। |
| ২ | মাটি কামড়ে থাকা | নাছোড়বান্দা | জন্মভূমির মাটি কামড়ে অনেকেই পড়ে রইল। |
| ৩ | মাটি দেওয়া | কবর দেওয়া | সব বিলিয়ে দিয়ে মাটি দেওয়ার জায়গাও রাখেননি। |
| ৪ | মাটি মাড়ান | পদার্পণ | বহুদিন এদিকের মাটি মাড়ান হয়নি। |
| ৫ | মাটি হওয়া | নষ্ট হওয়া | শিক্ষা না পেলে জীবন মাটি হবে। |
| ৬ | মাটির মানুষ | শান্ত | মাটির মানুষ হলে অনেক সহ্য করতে হয়। |
| ৭ | মাটি খাওয়া | বোকামি | ছেলেকে দূরে পাঠিয়ে মাটি খেয়েছি। |
| ৮ | মাটিতে ফেলা | মেঝেয় ফেলা | বইটা মাটিতে ফেলেছ কেন ? |
| ৯ | মাটি চাপা | পুঁতে ফেলা | আবর্জনা মাটি চাপা দেওয়া দরকার। |
| ১০ | মাটির পুতুল | জড় পদার্থ | মাটির পুতুলে সংসার চলে না। |

## ৩৭. মোটা

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | মোটা শরীর | মেদবহুল | মোটা শরীর নিয়ে বিপদ অনেক। |
| ২ | মোটা কাপড় | পুরু | মোটা ভাত মোটা কাপড়ে জীবন কাটুক। |
| ৩ | মোটা চাল | বড় চাল | মোটা চাল অনেকের পছন্দ নয়। |
| ৪ | মোটা গলা | ভারী গলা | মোটা গলার সুবিধা অনেক। |
| ৫ | মোটা বুদ্ধি | ভোঁতা | মোটা বুদ্ধি কাজে আসে না। |
| ৬ | মোটা লাভ | বেশি লাভ | কালবাজারীরা মোটা লাভ করে। |
| ৭ | মোটা টাকা | অনেক টাকা | ব্যবসা করে রতন মোটা টাকা আয় করেছে। |
| ৮ | মোটা কথা | সহজ | মোটা কথায় রনি মনের কথা বলল। |
| ৯ | মোটা কাজ | অসূক্ষ্ম | মোটা কাজের দাম নেই। |
| ১০ | মোটা খরচ | বেশি ব্যয় | অনুষ্ঠানে মোটা খরচ হয়ে গেল। |

## ৩৮. কড়া

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | কড়া তাপ | প্রখর | গরমের দিনে রোদের কড়া তাপ অসহ্য মনে হয়। |
| ২ | কড়া মেজাজ | উগ্র | বড় সাহেব কড়া মেজাজের লোক। |
| ৩ | কড়া কথা | কটু | কড়া কথায় বন্ধু বেজার হয়। |
| ৪ | কড়া চামড়া | কর্কশ | কড়া চামড়ায় কোন কিছু ফোটে না। |
| ৫ | কড়াকড়ি | কঠোর | বেশি কড়াকড়ি ভাল নয়। |
| ৬ | কড়া লোক | কঠিন | কড়া লোকের হাতে পড়ে বিপদ হল। |
| ৭ | কড়া পাহারা | সতর্ক | পুলিশ কড়া পাহারা দিচ্ছে। |
| ৮ | কড়িতে কড়া | কৃপণ | কড়িতে কড়া কাহনে কানা। |
| ৯ | কড়া হাতে | নির্মম | আন্দোলন কড়া হাতে দমন করা হল। |
| ১০ | কড়া দৃষ্টি | তীক্ষ্ণ | অধ্যক্ষের কড়া দৃষ্টিতে সবাই সন্ত্রস্ত। |

## ৩৯. উত্তর

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | উত্তর দেওয়া | জবাব | ছাত্রের উত্তর দানে শিক্ষক খুশি হন। |
| ২ | লোকোত্তর | অসাধারণ | কাজী নজরুল ইসলাম লোকোত্তর প্রতিভার অধিকারী ছিলেন। |
| ৩ | উত্তরকাল | ভবিষ্যৎ | উত্তরকালে রঞ্জনের মেধা প্রকাশ পাবে। |
| ৪ | উত্তর পুরুষ | ভবিষ্যৎ বংশধর | উত্তরপুরুষের জন্য কিছু রেখে যাওয়া উচিত। |
| ৫ | উত্তর বিচার | আপিল | উত্তর বিচারে সে খালাস পেল। |
| ৬ | উত্তরসূরি | অনুগামী | উত্তরসূরিদের জন্য নির্দেশনা চাই। |
| ৭ | উত্তর দিক | দিকবিশেষ | উত্তর দিকে গেলেই নদী। |
| ৮ | উত্তরাধিকারী | পরবর্তী | মৃত্যুর আগে উত্তরাধিকারীর মনোনয়ন হয়। |
| ৯ | উত্তর কাণ্ড | শেষ অংশ | মহাকাব্যের উত্তর কাণ্ড পড়া হয়নি। |
| ১০ | উত্তর প্রত্যুত্তর | তর্কবিতর্ক | উত্তর-প্রত্যুত্তরে সময় কেটে গেল। |

## ৪০. তাল

| ক্রমিক | পদ | অর্থ | বাক্য |
|---|---|---|---|
| ১ | তাল দেওয়া | গানের তাল | সংগীতে তাল দিতে চাইলে কিছু বিদ্যার দরকার। |
| ২ | তাল কাটা | তাল নষ্ট করা | তাল কাটা গান ভাল লাগে না। |
| ৩ | তাল রাখা | মানিয়ে চলা | সবার সাথে তাল রেখে চলতে হবে। |
| ৪ | ঢিমা তাল | ধীর গতি | কাজ চলছে ঢিমা তালে। |
| ৫ | তালকানা | ভালমন্দ জ্ঞানহীন | তালকানা লোকের কাছে কিছু আশা করা যায় না। |
| ৬ | তালভঙ্গ | তাল নষ্ট | গানে তাল ভঙ্গ হলে তা গান থাকে না। |
| ৭ | তাল পাকান | ষড়যন্ত্র | তাল পাকানোতে জামান ওস্তাদ। |
| ৮ | তাল করা | জড় করা | সব জিনিস কুড়িয়ে তাল করে রাখ। |
| ৯ | তাল তাল | প্রচুর | তাল তাল সোনা জমিয়ে জাহিন বড়লোক। |
| ১০ | তাল সামলানো | ঝুঁকি | সাহসের জোরে তাল সামলানো যায়। |

## অনুশীলনী

১। 'তোলা' অথবা 'গরম' শব্দ দিয়ে ছয়টি বিশিষ্টার্থক বাক্য রচনা কর।

২। 'কাঁচা' অথবা 'হাত' শব্দ দিয়ে ছয়টি বিশিষ্টার্থক বাক্য রচনা কর।

৩। 'কাটা' বা 'হাত' শব্দ ব্যবহার করে ভিন্নার্থক ছয়টি বাক্য রচনা কর।

৪। 'কান' অথবা 'পাকা' শব্দ ব্যবহার করে ভিন্নার্থক ছয়টি বাক্য রচনা কর।

৫। 'বড়' বা 'ছোট' শব্দ ব্যবহার করে ভিন্নার্থক পাঁচটি বাক্য রচনা কর।

৬। 'পাকা' শব্দটির বিভিন্ন অর্থ প্রয়োগে পাঁচটি বাক্য রচনা কর।

৭। 'মাথা'-এই শব্দটিকে বিভিন্ন ও বিশিষ্ট অর্থে ব্যবহার করে পাঁচটি বাক্য রচনা কর।

৮। 'মুখ' শব্দটিকে বিশিষ্ট ও বিভিন্ন অর্থে ব্যবহার করে পাঁচটি বাক্য রচনা কর।

৯। নিম্নের যে-কোন পাঁচটি কথার বাগবিধিসম্মত ব্যবহার দেখিয়ে বাক্য রচনা কর ঃ

তাল কাটা ; নাক কাটা ; হাত তোলা ; হাতে তোলা ; চোখ দেওয়া ; হাত দেওয়া ; টাকা মারা ; ভাতে মারা ; ঘর ভাঙা ; মন ভাঙা।

১০। বাংলা ভাষায় 'হাত', 'পাকা' কিংবা 'চোখ' এ তিনটি শব্দের যে-কোন একটির কত বিভিন্ন প্রয়োগ হতে পারে উদাহরণ সহযোগে দেখাও।